



GOVERNMENT OF WEST BENGAL

From the office of the Principal

GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, NARAYANGARH

P.O. Bhadrakali :: Dist: Midnapur (West) :: West Bengal :: Pin: 721437, India, Phone: 03222-236512,13, :: Visit:: www.ngc.ac.in

এটি Admission Prospectus এর একটি অংশ যা বোঝার সুবিধার্থে বাংলায় দেওয়া হলো। কোনোমতেই এটি Admission Prospectus এর বিকল্প নয়। আবেদনকারীকে যে কোনো গুরুত্বপূর্ণ তথ্য জানার জন্য বা সবক্ষেত্রে সব সময় Admission Prospectus দেখতে অনুরোধ করা হচ্ছে।

ভর্তি প্রক্রিয়া ২০২০-২১

স্নাতক স্তরে পাঠক্রমে ভর্তির জন্য যোগ্যতামান

প্রাথমিক যোগ্যতা :পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ বা অন্য কোনো সমতুল্য বোর্ড/কাউন্সিল দ্বারা পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তারিখ থেকে পরপর তিন শিক্ষাবর্ষের মধ্যে ভোকেশনাল কোর্স সহ অনার্স এবং জেনারেল উভয় কোর্সে ভর্তির জন্য যোগ্য। যোগ্যতা পরীক্ষায় যোগ্য প্রার্থীর একটি ভাষা বিষয় সহ পাঁচ স্বীকৃত বিষয়ে উত্তীর্ণ হতে হবে।

অনার্স ডিগ্রী কোর্স :উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত বিষয়ে ন্যূনতম ৪৫% নম্বর ভর্তির জন্য প্রয়োজন।

জেনারেল ডিগ্রী কোর্স :উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে পাস নম্বর পেতে হবে।

অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য :

১. ল্যাবরেটরি ভিত্তিক কোনো বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে অবশ্যই উচ্চমাধ্যমিক স্তরে সেই বিষয়ে পাস নম্বর পেয়ে থাকতে হবে।
২. যে সমস্ত ছাত্রছাত্রীরা ২০১৮ এবং ২০১৯ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারাও আবেদন করতে পারেন।
৩. West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development থেকে ১০+২ স্তরের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কেবল বি.এ.সাধারণ/জেনারেল কোর্সে ভর্তি হতে পারবেন।